

প্রেস রিলিজ

পেঁয়াজের বাজারে অস্বাভাবিক মূল্য বৃদ্ধি পাওয়ায় বিষয়টি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের গোচরীভূত হয়। যোগসাজস ও অসাধু উপায় অবলম্বনের মাধ্যমে পেঁয়াজের মূল্য বৃদ্ধি পেয়েছে বলে বিভিন্ন সংবাদপত্রে সংবাদ প্রকাশিত হয়। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও সার্বিক পরিস্থিতি পর্যালোচনার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম (সরকারের অবসরপ্রাপ্ত সিনিয়র সচিব) এর সভাপতিত্বে পেঁয়াজ আমদানিকারক, আড়তদার, ব্যবসায়ী ও সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভা ০৫-১১-২০১৯ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, ট্যারিফ কমিশন, টিসিবি এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর প্রতিনিধিবৃন্দ এবং পেঁয়াজ আমদানিকারক, কমিশন এজেন্ট ও পাইকারগণ সভায় যোগদান করেন। সভায় প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য এবং করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পেঁয়াজের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির জন্য দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন।